

যুগান্তর

প্রিন্ট: ১৭ জুন ২০২৬, ১০:০৬ পিএম

জাতীয়

শিক্ষক নিয়োগ নিয়ে গুরুত্বপূর্ণ তথ্য দিলেন শিক্ষামন্ত্রী

Advertisement



যুগান্তর প্রতিবেদন


প্রকাশ: ১৭ জুন ২০২৬, ০৮:২৮ পিএম



শিক্ষামন্ত্রী আনম এহছানুল হক মিলন। ফাইল ছবি



পরবর্তী খেলা


 পর্তুগাল

এনআরজি স্টেডিয়াম, হিউস্টন, যুক্তরাষ্ট্র

গ্রুপ কে


-

রাত ১১টা

ডিআর ... 


পরবর্তী খেলাসমূহ

বৃহস্পতিবার ১৮ জুন ২০২৬

 ইংল্যান্ড

এটিঅ্যাভটি স্টেডিয়াম, ডালাস, যুক্তরাষ্ট্র

[গ্রুপ এল] রাত ২টা

ক্রোয়ে... 

বৃহস্পতিবার ১৮ জুন ২০২৬

 ঘানা

বিএমও ফিল্ড, টরন্টো, কানাডা

[গ্রুপ এল] ভোর ৫টা

পানামা 

শিক্ষামন্ত্রী আনম এছানুল হক মিলন বলেছেন, মাননীয় স্পিকার ৩২ হাজার ৫০৯ নয়। এরপরে আরও ২৬ হাজার এবং আরও ১৭ হাজার শিক্ষক নিয়োগ বিভিন্ন মামলা জটিলতার কারণে আমরা নিরসন করতে পারছি না। আজকে চার মাস হতে চলল- এ মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়েছি। প্রথম সপ্তাহ থেকেই আদালত পাড়ায় মামলার জটিলতা নিরসনের জন্য চেষ্টা করেছি। কিন্তু জানি না এখন পর্যন্ত অ্যাপিলিয়েট ডিভিশন থেকে কোনো কজলিস্টে এগুলি আসছে না।

বুধবার (১৭ জুন) পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে নোয়াখালী-২ আসনের সংসদ সদস্য জয়নুল আবদিন ফারুক 'প্রাইমারি স্কুলে হেডমাস্টারের অভাব' এ প্রসঙ্গে একটি বিবৃতি দেন। তার উত্তরে ৩০০ বিধিতে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন।

তিনি বলেন, সারা বাংলাদেশে এ শিক্ষকের অভাব সবাই বলছে। এটি একটি নয়- এনটিআরসিতে প্রতিষ্ঠানপ্রধান নিয়োগ, কলেজের প্রতিষ্ঠানপ্রধান নিয়োগ সেটিও মামলায় জটিলতায় ঝুলে আছে। সেখানেই শেষ নয়। প্রত্যেকটি প্রাইমারি স্কুলে আমাদের দপ্তরি কাম নাইটগার্ড সেগুলিও মামলার কারণে ঝুলে আছে। আমাদের মামলার যদি পরিসংখ্যান দেখি তাহলে হাজার হাজার মামলা আমরা দেখতে পাচ্ছি।

ডেপুটি স্পিকারকে উদ্দেশ্য করে তিনি আরও বলেন, আরও ৩৩ হাজার হেডমাস্টারের পজিশন খালি হয়েছে। আপনি একটু ভেবে দেখুন সারা দেশে এখনো যারা হেডমাস্টার হতে পারেননি, তারা অবসরে চলে যাচ্ছেন এবং হেডমাস্টার হতে পারছেন না। আমি মাননীয় সংসদ সদস্য এবং সবার অবগতির জন্য বলছি- আপ্রাণ চেষ্টা করার পরও মামলা জটিলতার কারণে এগুলি নিরসন হচ্ছে না।

শিক্ষামন্ত্রী বলেন, আবার প্রাথমিক স্কুলের প্রশাসনিক বদলির কথা বলা হয়েছে। আমি সংসদ সদস্যদের জ্ঞাতসারে বলতে চাই এগুলি উপজেলা এবং জেলা এবং বিভাগীয় পর্যায়ে পাঠিয়ে দেওয়া হয়েছে। আমরা সবাই জানি এডুকেশন ইজ দা এসেন্স কমিউনিটি ফর অ্যাভরিবডি অতএব সবার এ বিষয়টি গুরুত্ব দেয়। আপনার মাধ্যমে আমি এ বিষয়টি সবাইকে অবগত করলাম।